

নিউজ (পেপার) ক্লিপিং

পত্রিকা দৈনিক কালের কণ্ঠ স্থান ঢাকা তারিখঃ ১৬/০৭/১৭ পৃষ্ঠা ২ কলাম ৪,৫
সংবাদ/সম্পাদকীয়/সংবাদ ফিচার/বিজ্ঞাপন/বিজ্ঞপ্তি/চিঠি/সচিত্র সংশোধনী/.....

ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক

১১০৪ কোটি টাকার ১০ প্রস্তাব অনুমোদন

নিম্ন প্রতিবেদক >

পদ্মা বহুমুখী সেতু প্রকল্পের আওতায় মূল নদীশাশন কাজসংলগ্ন উজানে মাওয়া পুরাতন ফেরিঘাট থেকে কান্দিপাড়া-যশোরদিয়া বরাবর এক হাজার ৩০০ মিটার দৈর্ঘ্য তীর প্রতিরক্ষামূলক কাজ সরাসরি ক্রয় পদ্ধতিতে অনুমোদন দিয়েছে সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। বাংলাদেশ সেনাবাহিনীর মাধ্যমে এ কাজ বাস্তবায়ন করা হবে। এ জন্য ব্যয় হবে অতিরিক্ত ২৫ কোটি ৬২ লাখ টাকা।

গতকাল অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সভাপতিত্বে অনুষ্ঠিত সরকারি ক্রয়সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠকে এটিসহ মোট ১০টি প্রকল্পের ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এতে মোট এক হাজার ১০৪ কোটি টাকা ব্যয় হবে। বৈঠকের পর মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব মোতাক্কির রহমান এ তথ্য জানান।

তিনি বলেন, বরিশাল বিভাগের বরিশাল-ডোলা সড়কে কালাবদর ও তেঁতুলিয়া নদীর ওপর, পটুয়াখালী-আমতলী-বরগুনা সড়কে কারখানা নদীর ওপর এবং ঢাকা বিভাগের আড়াইহাজার-বাগ্মারামপুর সড়কে মেঘনা নদীর ওপর সেতু নির্মাণের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনার জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এ জন্য ব্যয় হবে ৩৫ কোটি ৮০ লাখ টাকা। ভারতের স্ট্রুপ কনসালট্যান্ট প্রাইভেট লিমিটেড এবং বাংলাদেশের একটি পরামর্শক প্রতিষ্ঠান যৌথভাবে প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা পরিচালনা করবে।

অতিরিক্ত সচিব বলেন, বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ১১ তলা ভবনের বিদ্যুৎ এবং অন্যান্য সেবামূলক কাজের জন্য পাঁচ কোটি ৬২ লাখ ৪৩ হাজার টাকা অতিরিক্ত ব্যয়ের একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে।

এ ছাড়া বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের 'পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণের মাধ্যমে ১৫ লাখ গ্রাহক সংযোগ' শীর্ষক প্রকল্পের একটি সাব-প্যাকেজের আওতায় ৫৭ হাজার ৭১০টি এসপিসি পোল ক্রয়ের একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। মেসার্স পাশা পোল লিমিটেড নামে একটি সরবরাহকারী প্রতিষ্ঠান এসব পোল সরবরাহ করবে। এ জন্য মোট ব্যয় হবে ৬৩ কোটি ৪৫ লাখ টাকা।

অতিরিক্ত সচিব জানান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের 'পল্লী বিদ্যুতায়ন সম্প্রসারণ এবং বিআরইবির সদর দপ্তরের জৌত সুবিধাদি উন্নয়ন' শীর্ষক প্রকল্পের অপর একটি প্যাকেজে ২৪ হাজার ৭০৮টি এসপিসি পোল ক্রয়ের অপর একটি প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এ জন্য ব্যয় হবে ৪৫ কোটি ৬৬ লাখ টাকা।

এ ছাড়া বৈঠকে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের ফস্ট ট্র্যাকডাক্ত গ্যাস ট্রান্সমিশন কম্পানির 'আনোয়ারা-ফৌজদারহাট ৪২ ইঞ্চি ব্যাসের ৩০ কিলোমিটার গ্যাস সঞ্চালন পাইপলাইন নির্মাণ প্রকল্পের একটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। দুটি প্যাকেজে মোট ব্যয় হবে ৪৭ কোটি ১৭ লাখ টাকা।

একই প্রকল্পের 'মহেশখালী-আনোয়ারা ৪২ ইঞ্চি ব্যাসের ৭৯ কিলোমিটার গ্যাস সঞ্চালন সমান্তরাল পাইপলাইন নির্মাণের অপর একটি প্রস্তাবও অনুমোদন দেওয়া হয়েছে। এতে ব্যয় হবে ১৮ কোটি ৯০ লাখ টাকা। দক্ষিণ কোরিয়াভিত্তিক পোসকো দাইয়া প্রকল্প দুটি বাস্তবায়ন করবে।

মাওয়া পুরাতন

ফেরিঘাট থেকে

কান্দিপাড়া-

যশোরদিয়া ১৩০০

মিটার প্রতিরক্ষা

কাজ অনুমোদন

Shakil
১৬/০৭/১৭

সহকারী পরিচালক

P. K. K.
১৬/০৭/১৭

উপ-পরিচালক

AK

পরিচালক